

সোনালী ব্যাংক পিএলসি  
আন্তর্জাতিক বাণিজ্য অর্থায়ন বিভাগ (আমদানী)  
স্থানীয় কার্যালয়, ঢাকা।

অর্থক্ষণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর ৩৩(৫) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি, আন্তর্জাতিক বাণিজ্য অর্থায়ন বিভাগ (আমদানী), স্থানীয় কার্যালয়, ঢাকা এর ঋণগ্রহীতা প্রতিষ্ঠান এ্যাপারেল প্রোফাইল লিমিটেড প্রতিনিধিত্বে ইহার (১) এ্যাপারেল প্রোফাইল লিমিটেড, ব্যবস্থাপনা পরিচালক- মোঃ মাহাবুব খান, ঠিকানা-মাওনা, শ্রীপুর, গাজীপুর ২) চেয়ারম্যান-রুহুল আমিন চৌধুরী, পিতা-আলহাজ্জ আব্দুল মজিদ, ঠিকানাঃ- ৪১/২৩/৯, নতুন সড়ক, জিগাতলা, ধানমন্ডি, ঢাকা ৩) ব্যবস্থাপনা পরিচালক-মোঃ মাহাবুব খান, পিতা-মোঃ মকবুল হোসেন খান, ঠিকানা-কাথোরি, শালনা বাজার, গাজীপুর ৪) পরিচালক-মোঃ মাসুম হোসেন খান, পিতা-মোঃ মকবুল হোসেন খান, ঠিকানাঃ কাথোরি, শালনা বাজার, গাজীপুর ৫) বন্ধকদাতা জামিনদার-মোহাম্মাদ আলী, পিতা-মরহুম সাহেদ আলী, ঠিকানা-ফাজিলপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ ৬) বন্ধকদাতা জামিনদার-মোঃ মকবুল হোসেন খান, পিতা-মোঃ আনোয়ার হোসেন খান, ঠিকানা-কাথোরি, শালনা বাজার, গাজীপুর ৭) বন্ধকদাতা জামিনদার-রোকেয়া বেগম, স্বামী-এ.কে.এম আনোয়ারুল কাদির, ঠিকানা-৩৫, মিরপুর, ঢাকা এর ৩১/০৮/২০২৬ তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা টাকা-১৩,৮৪,৭৮,৫৪৭.০০ (তেরো কোটি চুরাশি লক্ষ আটাত্তর হাজার পাচশত সাতচল্লিশ টাকা মাত্র) এবং আদায়কালতক সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোথেক্স/প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থক্ষণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছেঃ

বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ

ক) জেলা-নারায়ণগঞ্জ, থানা-ফতুল্লা, মৌজা-চরবজলবলী, খতিয়ান নং-সিএস-১৪৭৪, এসএ-১৩৫৮, খতিয়ান নং-সিএস-১২৮০, এসএ-১২৭৮, মিউটেশন খতিয়ান নং-৩৬২০, দাগ নং-সিএস-১৬৩০, ১৬৩১, এসএ-১৫৮৩, ৭৩, দাগ নং-সিএস-১৫৭৭, এসএ-১৫৬৬, জমির পরিমাণ-৭০ (সত্তর) শতাংশ মাত্র।

খ) জেলা-গাজীপুর, থানা-গাজীপুর সদর, মৌজা-টেক কাথোরা, জেএল নং-সিএস, এসএ ও আরএস-৩১, সিএস খতিয়ান নং-২০৭, এসএ খতিয়ান নং-৩৪৮, আরএস-৩৮২, দাগ নং-সিএস ও এসএ-১১৪৭ ও ১১৫২, আরএস-২২৪৬ ও ২২৪৮ জমির পরিমাণ ১.৪০ একর ও তদস্থিত নির্মিত ও নির্মিতব্য ইমারতাদি। ইহার চৌহদ্দি উত্তরে-সরকারী রাস্তা/নিজ, দক্ষিণে-আমসের খাঁ গং, পূর্বে-নাছির উদ্দিন এবং পশ্চিমে দাতার নিজ। ইহা ছাড়াও তফসিল বর্ণিত সম্পত্তির উপর নির্মিত বিল্ডিং, কাঠামো, ফ্যাক্টরী ও প্লান্ট, মেশিনারীজ যাহা স্থাপিত হইয়াছে এবং ভবিষ্যতে যাহা কিছু নির্মিত ও স্থাপিত হইবে তাহা সমস্ত কিছু।

শর্ত সমূহঃ

০১) আগামী ১৮/১০/২০২৬ তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকায় রক্ষিত দরপত্র বাঞ্ছা জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাঞ্ছা খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

|    | আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ                                                  | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা            |
|----|--------------------------------------------------------------------------------|--------------------------------------------|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে                      | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে                   | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহৃত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।


০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/ মালামাল সংক্রান্ত সরকারী কর/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/ পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

  
ডেপুটি জেনারেল ম্যানেজার  
ফোন-০২২২৩৩৫৩১৪৯